গাজীপুরে ছেলেকে হত্যার পর বাবার আত্মহত্যা

গাজীপুর প্রতিনিধি

গাজীপুর মহানগরীর টঙ্গীতে ঘুমন্ত ছেলেকে হত্যার পর ট্রেনের নিচে ঝাঁপ দিয়ে বাবার আত্মহত্যার ঘটনা ঘটেছে। গতকাল দিবাগত রাত ৩টার দিকে এই মর্মান্তিক ঘটনা ঘটে। নিহত সাকিব (১৮) উত্তরার একটি বেসরকারি কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিলেন। ঘাতক পিতা সোহেল (৫০) পেশায় রাজমিস্ত্রি হলেও দীর্ঘদিন ধরে মাদকাসক্ত ছিলেন বলে জানা গেছে।

পারিবারিক সূত্রে জানা যায়, মা মারা যাওয়ার পর পড়াশোনার পাশাপাশি চাকরি করে অভাবের সংসারে হাল ধরেছিলেন সাকিব। গভীর রাতে ঘুমন্ত অবস্থায় সাকিবের ওপর ধারালো অস্ত্র নিয়ে হামলা চালান সোহেল। এতে ঘটনাস্থলেই সাকিবের মৃত্যু নিশ্চিত হলে বাড়ি থেকে বেরিয়ে নিকটস্থ রেললাইনে ঝাঁপ দেন তিনি। টঙ্গী পূর্ব থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি অত্যন্ত হৃদয়বিদারক এবং এ নিয়ে তদন্ত চলছে।

হোমনায় ৩ কেজি গাঁজাসহ যুবক-যুবতী গ্রেপ্তার

মোরশিদ আলম, হোমনা (কুমিল্লা)

কুমিল্লার হোমনা উপজেলায় অভিযান চালিয়ে ৩ কেজি গাঁজাসহ এক যুবক ও এক যুবতীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল দুপুর ১২টা ১৫ মিনিটের দিকে হোমনা থানার এসআই (নিঃ) তাপস কুমার সরকার সঙ্গীয় ফোর্সসহ উপজেলার মাথাভাঙ্গা ইউনিয়নের সাদ্দাম বাজার এলাকায় অভিযান চালান। এ সময় মা ডোর অ্যান্ড ফার্নিচার মার্টের উত্তর পাশে পাকা রাস্তা থেকে একটি রেজিস্ট্রেশনবিহীন মোটরসাইকেলসহ তাদের আটক করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন, মোঃ ইমন হোসেন (২৬), পিতা মোঃ ফরিদ উদ্দিন, গ্রাম নামোটোলা, থানা শিবগঞ্জ, জেলা চাঁপাইনবাবগঞ্জ এবং জান্নাতুল ফেরদৌস মায়া (১৯), পিতা মৃত তাজুল ইসলাম, গ্রাম তলাগ্রাম, থানা বরুড়া, জেলা কুমিল্লা। এ সময় তাদের কাছ থেকে ৩ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় হোমনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে বলে পুলিশ জানিয়েছে।

নোয়াখালীতে বাড়ি থেকে তুলে নিয়ে যুবককে পিটিয়ে হত্যা

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর বেগমগঞ্জে এক যুবককে অপহরণের পর নির্মমভাবে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে।

নিহত মো. আবু বকর সিদ্দিক (৩৫) উপজেলার ছয়ানী ইউনিয়নের ৬নম্বর ওয়ার্ডের খোয়াজপুর গ্রামের চাপরাশি বাড়ির মৃত হাজি আমিন উল্লাহর ছেলে। রোববার দুপুরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ময়না তদন্ত শেষে মরদেহ নোয়াখালী আনা হবে। এর আগে, শনিবার দুপুর আড়াইটার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, সিদ্দিক ঢাকার গাজীপুর চৌরাস্তা এলাকায় তার বড় ভাই নিজামের খাবার দোকানে কাজ করতেন। কিছু দিন আগে তিনি বাড়িতে আসেন। গত মঙ্গলবার ২১ এপ্রিল দিবাগত রাত সাড়ে ১২টার দিকে নিজ বাড়ির সিঁড়িতে বসে মোবাইল ফোন দেখছিলেন সিদ্দিক। এ সময় ৫-৭ জনের একটি দুর্বৃত্ত দল তাকে অপহরণ করে। একপর্যায়ে বাড়ির পূর্ব পাশে পুকুর পাড়ের একটি মাঠে নিয়ে যায়। সেখানে তার মুখে গামছা পেঁচিয়ে লোহার রড দিয়ে এলোপাতাড়ি পিটিয়ে জখম করে। পরবর্তীতে তাকে মৃত ভেবে বাড়ির সামনে ফেলে রেখে যায় দুর্বৃত্তরা। পরে স্থানীয়দের সহায়তায় গুরুতর আহত অবস্থায় তাকে ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় শনিবার দুপুর আড়াইটার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় জড়িতদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন স্বজনরা।

এ বিষয়ে রাজগঞ্জ পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মেহেদী হাসান মুঠোফোনে দৈনিক আমার বার্তাকে বলেন, ঢাকা থেকে বেতার বার্তা পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়।

ধামরাইয়ে এসএসসি পরীক্ষার্থী হত্যাকাণ্ডের আসামির ফাঁসির দাবিতে মানববন্ধন

নিলয় চৌধুরী শুভ, ধামরাই (ঢাকা)

ঢাকার ধামরাইয়ে এসএসসি পরীক্ষার্থী নাদিয়া হত্যার আসামি শামীম ওরফে স্বপনের(৩৬) ফাঁসির দাবিতে মানববন্ধন করেছে সেন্ট্রাল স্কুলের শিক্ষার্থী ও শিক্ষকরা। গতকাল দুপুরের দিকে ধামরাই উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় বক্তব্য রাখেন সেন্ট্রাল স্কুলের প্রধান শিক্ষক ইসলাম মিয়া, নিহতের নানি দেলোয়ারা বেগম ও কয়েকজন শিক্ষার্থী। এ সময় সবার কণ্ঠে ছিল, "নাদিয়ার হত্যাকারীর দ্রুত ফাঁসি চাই, ফাঁসি চাই" স্লোগান। তারা বলেন, দ্রুততম সময়ের মধ্যে বিচারকার্য শেষ করে হত্যাকারীকে ফাঁসি দিতে হবে। এর আগে বৃহস্পতিবার (২৩ এপ্রিল) বিকেলে নিহত নাদিয়া আক্তার নিজ ঘরে পড়াশোনা করছিলেন। একপর্যায়ে তার নানী দেলোয়ারা বেগম দুধ আনার জন্য বাইরে যান। যাওয়ার আগে তিনি নাদিয়াকে ভেতর থেকে ঘরের দড়জা বন্ধ রাখতে এবং তিনি না ফেরা পর্যন্ত অপরিচিত কেউ আসলে দরজা না খোলার জন্য বলে যান। এরপর বাড়িতে ফিরে এসে ঘরের দরজা খোলা এবং রান্না ঘরে রক্তাক্ত অবস্থায় নাদিয়াকে পরে থাকতে দেখে চিৎকার করলে আশপাশের লোকজন এগিয়ে আসেন। তাৎক্ষণিক নাদিয়াকে স্থানীয় একটি হাসপাতালে নেয়া হলে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরবর্তীতে পুলিশ নাদিয়ার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে। পুলিশ ওই হত্যাকাণ্ডের প্রেক্ষিতে শামীম ওরফে স্বপন(৩৬) নামে একজনকে গ্রেফতার করে এবং তাকে জিজ্ঞাসাবাদ করলে পুলিশের কাছে এ হত্যার দায় স্বীকার করে। মূলত হত্যাকারী পেশায় একজন রাজমিস্ত্রি এবং ঐ একই ফ্ল্যাটে পাশের রুমে স্ত্রী নিয়ে ভাড়া থাকত। জানা যায় ঐ ব্যক্তি অনলাইন জুয়ায় আসক্ত ছিলো। যার ফলে সে অনেক জায়গায় ঋণী হয়েছে। ঋণ ও জুয়ার টাকার জন্য সে চরম বেপরোয়া হয়ে ওঠে এবং লক্ষবস্তু করেন প্রতিবেশী সেই তরুণীকেও। শেষমেষ হত্যাকাণ্ড সংঘটিত করে প্রায় লক্ষাধিক টাকার গহনা ছিনিয়ে নেন।

আনোয়ারায় পারিবারিক দ্বন্দ্বকে জামায়াতের হামলা বলে অপপ্রচার

আনোয়ারা (চট্টগ্রাম) প্রতিনিধি

চট্টগ্রামের আনোয়ারা উপজেলায় পারিবারিক দ্বন্দ্বের হাতাহাতিকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর হামলা বলে অপপ্রচার চালানোর অভিযোগ উঠেছে সংসদ নির্বাচনে চট্টগ্রাম-১৩ আসনের খেলাফতে মজলিস থেকে প্রাথমিক মনোনয়নপ্রাপ্ত প্রার্থী ইমরান ইসলামাবাদীর বিরুদ্ধে। এ ঘটনায় শনিবার (২৫ এপ্রিল) প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আনোয়ারা শাখার নেতৃবৃন্দ। এরআগে শুক্রবার (২৪ এপ্রিল) ইমরান ইসলামাবাদী তার নিজ ফেইসবুক একাউন্ট থেকে একটি পোস্ট করেন। পোস্টে তিনি দাবি করে লিখেন, "বাংলাদেশ জামায়াতে ইসলামী জোর জুলুম করে প্রত্যাহার করানোর পর, অবশেষে আমাকে আহত করেছে। বাংলাদেশ জামায়াতে ইসলামী এবং চট্টগ্রাম দক্ষিণ জেলার দায়িত্বশীলদের কাছে বিচার চাই? এই জুলুমের শেষ কোথায়? ন্যায় ইনসাফের বিচার কি এই দেশে হবে।"

অথচ খবর নিয়ে এই ঘটনার ব্যতিক্রম চিত্র ফুটে উঠে প্রতিবেদকের কাছে। ঘটনাটির বিষয়ে ইমরান ইসলামাবাদীর বড় ভাই জাকারিয়া বলেন, ইমরানের সাথে আমাদের পারিবারিক কিছু লেনদেন সমস্যার কারণে সে কিছুদিন আগে তার পরিবার নিয়ে ঘর ছেড়ে চলে যায়, শুক্রবার আমাদের ঘরে পারিবারিক ১টি অনুষ্ঠান চলছিলো এমন সময় সে লোকজন নিয়ে এসে ঝামেলা শুরু করে আমার সাথে ধাক্কাধাক্কা করে। পরবর্তীতে দেখলাম সে এই ঘটনাকে জামায়াতের হামলা বলে অপপ্রচার চালাচ্ছে।এছাড়াও বিগত জাতীয় নির্বাচনে মনোনয়ন ফরম প্রত্যাহরের বিষয়টিও ছিল একান্ত পারিবারিক সিদ্ধান্ত। আমার মায়ের অসম্মতি ও পারিবারিক অক্ষমতার কারণে বিরত থাকার বিষয়টি উদ্দেশ্য প্রণোদিত হয়ে জামায়াতে ইসলামীর উপর দায় চাপানোর চেষ্টা মোটেই সত্য নয়। আব্দুল মোতালেব নামের স্থানীয় এক প্রত্যক্ষদর্শী জানান, "গতকাল ইমরানদের বাড়িতে একটি পারিবারিক অনুষ্ঠান চলছিলো এমন সময় ইমরান আর তার ভাইদের সাথে একটু ঝামেলা হয়। আমরা বিষয়টি সমাধান করে ইমরানকে সরিয়ে দিই। এটা পারিবারিক ঘটনা এখানে কোনো রাজনৈতিক দলের সম্পৃক্ততা নেয়। এ দিকে ঘটনার সময়কার সিসিটিভি ফুটেজে দেখা যায়, "ইমরান ঘরে প্রবেশ করে তার ভাইদের দিকে তেড়ে আসে এমন সময় তাদের মাঝে হাতাহাতির ঘটনা ঘটে"। এ বিষয়ে জামায়াতে ইসলামীর আনোয়ারা শাখার সভাপতি মাস্টার আব্দুল গনি বলেন, পরিবারের সাথে জায়গা জমির বিরোধ নিয়ে আনোয়ারা উপজেলা জামায়াতকে নানা মিথ্যা অভিযোগ প্রচার করছে। যা দুঃখজনক। বাংলাদেশ জামায়াতে ইসলামীর এসব ঘটনার সাথে কোন সম্পর্ক নেই।

হাম উপসর্গ নিয়ে ময়মনসিংহে আরও এক শিশুর মৃত্যু

ময়মনসিংহ প্রতিনিধি

হামের উপসর্গ নিয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে আরও এক শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে সেখানে ১৭ শিশুর মৃত্যু হলো। গত ২৪ ঘণ্টায় (শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা) হাসপাতালে নতুন করে ২৮ শিশু ভর্তি হয়েছে।

রোববার (২৬ এপ্রিল) সকালে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হাম মেডিকেল দলের ফোকালপারসন সহযোগী অধ্যাপক ডা. মোহা. গোলাম মাওলা এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত ২১ এপ্রিল সাড়ে ৩ বছরের শিশু মেয়েটিকে হামের উপসর্গ ও নিউমোনিয়া নিয়ে ত্রিশাল থেকে এসে হাসপাতালে ভর্তি করা হয়। শনিবার দুপুর আড়াইটার দিকে চিকিৎসাধীন অবস্থায় শিশুটি মারা যায়। গত ১৭ মার্চ থেকে ২৬ এপ্রিল সকাল পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মোট ৮৫৬ শিশু ভর্তি হয়েছে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে আরও ৩৩ শিশু। এ নিয়ে হাসপাতাল থেকে মোট ছাড়া পেয়েছে ৭৫৫ শিশু। বর্তমানে হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসাধীন আছে ৮৪ শিশু।

নোয়াখালীর বেগমগঞ্জে তিনটি ইটভাটাকে জরিমানা

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে অভিযান চালিয়েছে পরিবেশ অধিদপ্তর ও ভ্রাম্যমাণ আদালত। এ সময় ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইনে তিনটি ইটভাটাকে ৭ লাখ ৮০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বিকেল থেকে এই অভিযান পরিচালনা করেন বেগমগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহাদাত হোসেন। অভিযানে সহযোগিতা করেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নূর হাসান সজিব ও বেগমগঞ্জ মডেল থানা-পুলিশ। অভিযোগ সূত্রে জানা গেছে, বেগমগঞ্জ উপজেলার রসুলপুর ও কাদিরপুর ইউনিয়নে অভিযান চালানো হয়। এ সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অবৈধভাবে কৃষিজমির মাটি সংগ্রহ, লাইসেন্স নবায়ন না করা ও পরিবেশের ছাড়পত্র না থাকাসহ বিভিন্ন অভিযোগে রূপালী ব্রিকসকে ৩ লাখ টাকা, হোসনা ব্রিকসকে ২ লাখ ২০ হাজার টাকা এবং দিগন্ত স্টারকে ২ লাখ ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহাদাত হোসেন বিষয়টি দৈনিক আমার বার্তাকে নিশ্চিত করে জানান, জনস্বাস্থ্য সুরক্ষায় ও জনস্বার্থে এমন অভিযান অব্যবহৃত থাকবে।

পঞ্চগড়ের দেবীগঞ্জে ইউএনওর ওপর হামলা

৩০০ জনের বিরুদ্ধে মামলা, অভিযানে পুলিশ

ইকবাল বাহার, পঞ্চগড়

পঞ্চগড়ের দেবীগঞ্জে দায়িত্ব পালনকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের ওপর হামলার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। মামলায় ২৫ জনের নাম উল্লেখসহ আরও ২০০ থেকে ৩০০ জনকে অজ্ঞাত আসামি করা হয়েছে।

উপজেলা প্রশাসনের পেশকার সিরাজুল ইসলাম বাদী হয়ে শনিবার রাতে দেবীগঞ্জ থানায় মামলাটি দায়ের করেন। থানা সূত্রে জানা যায়, মামলা দায়েরের পরপরই পুলিশ রাতেই এলাকায় অভিযান শুরু করেছে এবং অভিযুক্তদের গ্রেপ্তারে সম্ভাব্য বিভিন্ন স্থানে নজরদারি জোরদার করা হয়েছে। ঘটনাটি শনিবার বেলা সাড়ে ১২টার দিকে উপজেলার একটি জ্বালানি পাম্পে ঘটে। জানা যায়, পেট্রোল সরবরাহের খবর পেয়ে ভোর থেকেই সেখানে মোটরসাইকেলের দীর্ঘ লাইন পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণ ও তেল বিতরণ কার্যক্রম পরিদর্শনে ঘটনাস্থলে যান ইউএনও সবুজ কুমার বসাক। সেখানে গিয়ে তিনি ফুয়েল কার্ড, মোটরসাইকেলের রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্সবিহীন চালকদের লাইন থেকে সরে যেতে নির্দেশ দেন। এ সময় কাগজপত্র না থাকায় দুইজন মোটরসাইকেল চালককে ৫০০ টাকা করে জরিমানা করা হয়। এরপর লাইনে অপেক্ষমাণ ৩০-৪০ জন মোটরসাইকেল চালক হট্টগোল শুরু করে। ধারণা করা হচ্ছে, তাদের অনেকের কাছেই প্রয়োজনীয় বৈধ কাগজপত্র ছিল না। একপর্যায়ে তারা ইউএনও ও সঙ্গে থাকা আনসার সদস্যদের দিকে তেড়ে আসে।

পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে ইউএনওকে দ্রুত পাশের একটি বাড়িতে সরিয়ে নেওয়া হয়। এ সময় আনসার সদস্য তৈয়বুর রহমানকে মারধর করা হয় এবং তার সঙ্গে থাকা অস্ত্র ছিনিয়ে নেওয়ার চেষ্টা চালানো হয়।

দেবীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক জানান, হামলার ঘটনায় মামলা হয়েছে এবং জড়িতদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট পাম্পে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তেল বিক্রি বন্ধ রাখা হয়েছে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করলেও আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি স্বাভাবিক রাখতে সতর্ক অবস্থানে রয়েছে।

ব্রাহ্মণবাড়িয়ায় নৌকায় বসা নিয়ে দ্বন্দ্ব, ঘুষিতে যাত্রীর মৃত্যু

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে নৌকায় বসাকে কেন্দ্র করে দ্বন্দ্বের জেরে এক যাত্রীর ঘুষিতে মো. হানিফ মিয়া নামে আরেক যাত্রী মারা গেছেন বলে অভিযোগ উঠেছে। গতকাল উপজেলার বগডহর গ্রামের মনোবাবু নৌকা ঘাট এলাকায় এ ঘটনা ঘটে। হানিফ মিয়া (৪৫) বগডহর গ্রামের বাসিন্দা মৃত হারিজ মিয়ার ছেলে। নিহতের চাচাতো ভাই নবীনগর হেফাজত ইসলামের সাধারণ সম্পাদক মেহেদি হাসান মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। মেহেদি হাসান বলেন, বগডহর গ্রামের মনোবাবু নৌকা ঘাট দিয়ে হানিফ মিয়া ও তার স্ত্রী সারবানু বেগম আড়িয়ালের দিকে যাওয়ার জন্য নৌকায় ওঠেন। এ সময় অভিযুক্ত এলেম খা নৌকায় নারীদের বসার স্থানে বসে ছিলেন। হানিফ মিয়া তাকে নারীদের বসার স্থান থেকে সরে বসতে বলায় দুই পক্ষের মধ্যে প্রথমে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে তা হাতাহাতিতে রূপ নেয়। এ সময় হানিফ মিয়ার বুকে ঘুষি দেন এলেম খা। স্থানীয়রা হানিফ মিয়াকে আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঘটনার পর থেকে অভিযুক্ত এলেম খা পলাতক থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। এ বিষয়ে নবীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন, ঘটনাটি শুনেছি। তবে আমাদের কাছে এখনও সুনির্দিষ্ট তথ্য এসে পৌঁছায়নি।

চাঁপাইনবাবগঞ্জে গাঁজাসহ শীর্ষ মাদক ডিলার দম্পতিকে গ্রেপ্তার

বদিউজ্জামান রাজাবাবু, চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার বালিয়াডাঙ্গা ইউনিয়নে অভিযান চালিয়ে ৯ কেজি ১৩৫ গ্রাম গাঁজাসহ শীর্ষ মাদক সম্রাট মো. রাকিব আলী (৪৮) ও তার নারী সহযোগী মোসা. জমিলা বেগম (৪০) কে গ্রেপ্তার করেছে সদর মডেল থানা পুলিশ।

শনিবার (২৫ এপ্রিল) বিকেলে সদর মডেল থানার এসআই এস.এম. রাসেল কবিরের নেতৃত্বে একটি চৌকস টিম এলাকায় ওয়ারেন্ট তামিল ও মাদক উদ্ধারের সময় গোপন সংবাদের ভিত্তিতে সদর উপজেলার বালিয়াডাঙ্গা ইউনিয়নের চকঝগড়ু, ড্রেনপাড়া গ্রামের মোসা. জমিলা বেগমের বসতবাড়িতে বিক্রয়ের জন্য বিপুল পরিমাণ গাঁজা মজুত করা আছে বিষয়ট জানতে পেরে পুলিশ সুপার গৌতম কুমার বিশ্বাস এর দিক নির্দেশনায় ও সদর মডেল থানার ওসি মো. একরামুল হোসাইন পিপিএম এর সার্বিক তত্ত্বাবধানে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে ধূতরা পালানোর চেষ্টাকালে দুইজনকে হাতেনাতে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে সাদা প্লাস্টিকের বস্তায় মোড়ানো ৯টি প্যাকেটে মোট ৯ কেজি ১৩৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকের আনুমানিক বাজারমূল্য ৩ লক্ষ ৬৫ হাজার টাকা।

গ্রেপ্তারকৃত রাকিব আলী শিবগঞ্জ উপজেলার বিরামপুর এলাকার মৃত টানু বিশ্বাসের ছেলে এবং জমিলা বেগম সদর উপজেলার বালিয়াডাঙ্গা ইউনিয়নের চকঝগড়ু ড্রেনপাড়া গ্রামের মো: রাকিব আলী স্ত্রী।

উদ্ধারকৃত আলামতসহ আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় মামলা (মামলা নং-৩৭, তারিখ ২৫/০৪/২০২৬) দায়ের করা হয়েছে।

সদর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. একরামুল হোসাইন পিপিএম জানান, মাদকের শেকড় উপড়ে ফেলতে জেলা পুলিশ সুপারের নির্দেশনায় আমাদের অভিযান অব্যাহত রয়েছে। আটককৃতরা এলাকায় পাইকারি মাদক ডিলার হিসেবে পরিচিত। যুব সমাজকে রক্ষায় এই ধরণের অভিযান অব্যাহত থাকবে।

চাঁপাইনবাবগঞ্জে আমবাগান উজাড় করে পুকুর খননের মাহাৎসব

বদিউজ্জামান রাজাবাবু, চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জে উদ্বেগজনক হারে আমবাগান কেটে পুকুর খননের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। দেশের অন্যতম প্রধান আম উৎপাদনকারী এই জেলায় কৃষিজমির ব্যবহার দ্রুত পরিবর্তিত হওয়ায় স্থানীয় কৃষি, পরিবেশ ও অর্থনীতিতে দীর্ঘমেয়াদি ঝুঁকি তৈরি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন সচেতন মহল।

সম্প্রতি সদর উপজেলার বালিয়াডাঙ্গা ইউনিয়নের গোহালবাড়ি এলাকায় প্রায় ২৫ বিঘা আমবাগান কেটে পুকুর খননের কাজ চলতে দেখা গেছে। স্থানীয়দের অভিযোগ, সাবেক এক ওয়ার্ড সদস্যের নেতৃত্বে জীবন্ত আমগাছ কেটে অবৈধভাবে পুকুর খনন করা হচ্ছে। একই সঙ্গে খননকৃত মাটি ট্রাক্টরের মাধ্যমে ইটভাটা ও বিভিন্ন প্লট ভরাটের জন্য বিক্রি করা হচ্ছে বলেও অভিযোগ রয়েছে।

সরেজমিনে দেখা যায়, ভেকু (এক্সকাভেটর) মেশিন দিয়ে মাটি কেটে পাশের একটি খাল ভরাট করা হচ্ছে। পরবর্তীতে ওই স্থান প্লট আকারে বিক্রির প্রস্তুতি নেওয়া হচ্ছে। এতে প্রাকৃতিক পানি প্রবাহ ব্যাহত হয়ে জলাবদ্ধতার ঝুঁকি তৈরি হতে পারে বলে মনে করছেন স্থানীয়রা। পাশাপাশি 'আমের রাজধানী' হিসেবে পরিচিত চাঁপাইনবাবগঞ্জের ঐতিহ্যও হুমকির মুখে পড়তে পারে।

এ বিষয়ে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. ইকরামুল হক নাহিদ বলেন, "এভাবে আমবাগান কেটে পুকুর খননের কোনো সুযোগ নেই। কেউ এমন কাজ করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।"

অন্যদিকে পরিবেশবিদ ও কৃষি সংশ্লিষ্টরা সতর্ক করে বলেছেন, পরিকল্পনাহীনভাবে কৃষিজমি ও বাগান উজাড় করে পুকুর খনন অব্যাহত থাকলে ভবিষ্যতে খাদ্য উৎপাদন, জীববৈচিত্র্য এবং স্থানীয় জলবায়ুর ওপর নেতিবাচক প্রভাব পড়বে। এ পরিস্থিতিতে দ্রুত প্রশাসনের কার্যকর হস্তক্ষেপের দাবি জানিয়েছেন তারা।

প্রচন্ড কাল বৈশাখী ঝড় ও বাতাসের কারণে পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে ফেরি চলাচল বন্ধ

এস,এ আলমগীর, মানিকগঞ্জ

প্রচন্ড কাল বৈশাখী ঝড় ও বাতাসের কারণে পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে ফেরি চলাচল বন্ধ করে দেয় কর্তৃপক্ষ। রবিবার পৌনে পাঁচটার দিকে প্রচন্ড কাল বৈশাখী ঝড় ও বাতাস আচড়ে পরে। এ সময় ঝড়ের সাথে অন্ধকার নেমে আসে। দুর্ঘটনা এড়াতে কর্তৃপক্ষ পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে ফেরি চলাচল বন্ধ করে দেয়। এ সময় পাটুরিয়া প্রান্তে এনায়েতপুরী, ভাষা শহীদ বরকত, বীর শ্রেষ্ঠ মতিউর রহমান ফেরি নোঙ্গর করে রাখা হয়। দৌলতদিয়া প্রান্তে নোঙ্গর করে রাখা হয় শাহ পরান কুমিল্লা বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর ক্যামেলিয়া ঢাকা খান জাহান আলী বাইগার বিআই ডব্লিউটিসির ডিজিএম আব্দুস সালাম জানান বিকেল পৌনে পাঁচটার দিকে এই নৌরুটে প্রচন্ড কাল বৈশাখী ঝড় ও বাতাস শুরু হয়। দুর্ঘটনা এরাতে ফেরি চলাচল বন্ধ করে দেওয়া হয়। এ সময় উভয় ঘাটের ফেরিগুলি নোঙ্গর করে রাখা হয়।

বাসের ধাক্কায় পথচারী নিহত

কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা বাজার এলাকায় স্টার লাইন পরিবহনের একটি বাসের ধাক্কায় পথচারী নিহত হয়েছে। গতকাল বেলা ১২টার দিকে উপজেলার বাতিসা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মো. ইয়াসিন কালিকাপুর এলাকার বাসিন্দা। স্থানীয়দের বরাতে পুলিশ জানায়, রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা অবস্থায় স্টার লাইন পরিবহনের একটি বাস ইয়াসিনকে ধাক্কা দিলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করার চেষ্টা করলেও ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ঘটনার পরপরই বাসটি নিয়ে চালক পালিয়ে যান। এ ঘটনায় উত্তেজিত জনতা আরেকটি বাস আটক করে রাখে।

কুমিল্লা মিয়াবাজার হাইওয়ে পুলিশের পরিদর্শক সাহাব উদ্দিন জানান, দুর্ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে। মরদেহ উদ্ধার করে আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

শাশুড়িকে ফোন দিয়ে হুমকির পর স্ত্রীকে হত্যা

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈরে পারিবারিক কলহের জেরে শাশুড়িকে ফোন দিয়ে হুমকির পর স্ত্রীকে শ্বাসরোধ করে হত্যার করেছে স্বামী। গতকাল দুপুরে জেলার কালিয়াকৈর উপজেলার বান্ধাবাড়ি গ্রামে এ ঘটনা ঘটেছে। নিহত নারী টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার গোড়াই এলাকার শুকুর আলীর মেয়ে জান্নাত বেগম (২০)। তিনি ওই গ্রামের জুনায়েদ মিয়ার স্ত্রী। এলাকাবাসীর বরাত দিয়ে পুলিশ জানায়, চার বছর আগে পারিবারিকভাবে জুনায়েদের সঙ্গে জান্নাতের বিয়ে হয়। তাদের ঘরে দুই বছরের একটা পুত্র সন্তান রয়েছে। বিয়ের পর থেকেই নানা বিষয়ে পারিবারিক কলহ চলছিল। ঘটনার দিন সকালেও তাদের মধ্যে ঝগড়া হয়। ঝগড়ার এক পর্যায়ে জুনায়েদ তার শাশুড়িকে ফোন করে মেয়েকে নিয়ে যেতে বলেন। অন্যথায় তাকে মেরে ফেলার হুমকি দেন। খবর পেয়ে নিহতের বাবা শুকুর আলী জামাই বাড়িতে গিয়ে দেখেন বিছানায় মেয়ের মরদেহ পড়ে আছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গাজীপুর শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায়। নিহতের পিতা শুকুর আলী বলেন, খবর পেয়ে আমার মেয়ের বাড়িতে যাই। গিয়ে দেখি আমার মেয়ের নিথর দেহ মেঝেতে পড়ে আছে। গলায় আঘাতের চিহ্ন। আমার মেয়েকে মাঝে মধ্যেই নির্মম নির্যাতন করা হতো।

কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সহিদুল ইসলাম জানান, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। নিহতের শরীরে ও গলায় আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। এ ঘটনায় স্বামী জুনায়েদকে আটক করে আনা হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা চলমান।

সিরাজগঞ্জে ট্রেন দুর্ঘটনায় দুইজন নিহত

সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জের উল্লাপাড়া ও কামারখন্দ উপজেলায় পৃথক দুইটি ট্রেন দুর্ঘটনায় দুইজনের মৃত্যু হয়েছে। গতকাল দুপুর ১টার দিকে উল্লাপাড়া স্টেশন এলাকায় ফুটওভার ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে এক ট্রেনযাত্রী নিহত হন। পুলিশ ও রেলওয়ে সূত্রে জানা গেছে, চিলাহাটি থেকে ছেড়ে আসা ঢাকাগামী চিলাহাটি এক্সপ্রেস ট্রেনটি উল্লাপাড়া স্টেশনে পৌছালে এক যাত্রী অসাবধানতাবশত ফুটওভার ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা খান। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। নিহত ব্যক্তির বয়স আনুমানিক ২২ থেকে ২৫ বছর। তাৎক্ষণিকভাবে তার নাম-পরিচয় জানা যায়নি। তবে পরিচয় শনাক্তে কাজ করছে পুলিশ। এই বিষয়ে সিরাজগঞ্জ বাজার স্টেশন রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দুলাল উদ্দিন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়েছে। নিহত ব্যক্তির কাছে একটি মুঠোফোন পাওয়া গেছে। সেটির মাধ্যমে পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। অন্যদিকে, একইদিন বিকেল পাঁচটার দিকে কামারখন্দ উপজেলার হালুয়াকান্দি রেলওয়ে খেলার মাঠ এলাকায় ট্রেনে কাটা পড়ে সেলিম (৫২) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় একটি গরুও মারা গেছে। নিহত সেলিম উপজেলার হালুয়াকান্দি গ্রামের মৃত গোলবার আলীর ছেলে। জানা গেছে, বৃষ্টির মধ্যে তাড়াহুড়ো করে তিনটি গরু নিয়ে সেলিম রেললাইন পার হচ্ছিলেন। এ সময় ঢাকা থেকে ছেড়ে আসা রাজশাহীগামী বনলতা এক্সপ্রেস ট্রেনটি তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

মৌলভীবাজার সীমান্তে বিজিবির অভিযান ৯ লাখ টাকার ভারতীয় সিগারেট জব্দ

পিন্টু দেবনাথ, মৌলভীবাজার



মৌলভীবাজারের সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ অবৈধ ভারতীয় সিগারেট জব্দ করেছে শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি)। রোববার (২৬ এপ্রিল) পরিচালিত এই অভিযানে মালিকবিহীন অবস্থায় ৪,৬০৮ প্যাকেট সিগারেট উদ্ধার করা হয়। বিজিবি সূত্রে জানা গেছে, শ্রীমঙ্গল ব্যাটালিয়নের আওতাধীন কুলাউড়া, কমলগঞ্জ ও শ্রীমঙ্গল উপজেলার সীমান্ত এলাকায় নিয়মিত ও বিশেষ টহল জোরদার করা হয়েছে। এরই ধারাবাহিকতায়, গোপন সংবাদের ভিত্তিতে কুলাউড়ার একটি সীমান্ত এলাকায় চোরাচালানবিরোধী বিশেষ অভিযান চালায় বিজিবির একটি টহল দল। অভিযান চলাকালে বিজিবি সদস্যদের উপস্থিতি টের পেয়ে চোরাকারবারীরা মালামাল ফেলে দ্রুত পালিয়ে যায়। পরে বিজিবি সদস্যরা সেখান থেকে পরিত্যক্ত অবস্থায় ৪,৬০৮ প্যাকেট ভারতীয় সিগারেট উদ্ধার করে। জব্দকৃত এই সিগারেটের আনুমানিক বাজার মূল্য ৯ লাখ ২১ হাজার ৬০০ টাকা। তবে ঘটনার সাথে জড়িত কাউকে আটক করা সম্ভব হয়নি। শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি) জানায়, তারা প্রায় ১১৫ কিলোমিটার দীর্ঘ সীমান্ত এলাকায় কঠোর নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করছে। মাদক চোরাচালান, অবৈধ পণ্যের অনুপ্রবেশ এবং আন্তঃসীমান্ত অপরাধ দমনে ২৪ ঘণ্টা টহল অব্যাহত রয়েছে। সীমান্তের সুরক্ষা এবং জাতীয় স্বার্থ রক্ষায় বিজিবির এই ধরনের অভিযান ভবিষ্যতেও আরও জোরদার করা হবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিশ্চিত করেছে।